

# দৈনিক চাঁদনী বাজার

প্রকাশনার ২৮ বছর



গতকাল বগুড়ার শেরপুরে পল্লী উন্নয়ন একাডেমীতে নবনিযুক্ত মহাপরিচালক মোঃ আমিনুল ইসলামকে ফুলেল শুভেচ্ছা জানান আরডিএ'র কর্মকর্তাবৃন্দ।  
-প্রতিনিধি

## আরডিএ, বগুড়ার নতুন মহাপরিচালক

### আমিনুল ইসলামের দায়িত্ব গ্রহণ

স্টাফ রিপোর্টারঃ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালকের দায়িত্ব গ্রহণ করলেন মোঃ আমিনুল ইসলাম। সর্বশেষ তিনি রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ে রাজশাহী বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) হিসেবে দায়িত্ব (পৃষ্ঠা ৭ কলাম ১)

## আরডিএ, বগুড়ার নতুন মহাপরিচালক

সর্বশেষ তিনি রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ে রাজশাহী বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। ২০১৮ সালে তিনি অতিরিক্ত সচিব পদে পদোন্নতি লাভ করেন। ৮ম বিসিএস এর মাধ্যমে বিসিএস (প্রশাসন) ক্যাডারে নির্বাচিত হয়ে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসেবে ১৯৮৯ সালের ২০ ডিসেম্বর ঢাকা বিভাগীয় কমিশনারের কার্যালয়ে যোগ দেন। কর্মজীবনে তিনি দ্বিতীয় ও প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নেত্রকোনা জেলা প্রশাসকের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) হিসেবে রাজশাহীর বোয়ালিয়া মেট্রোপলিটন এলাকা এবং বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-রাজশাহী অঞ্চলের ম্যাজিস্ট্রেট, সিনিয়র সহকারী কমিশনার হিসেবে সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়, সহকারী পরিচালক হিসেবে সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার বিভাগে ও উপ-পরিচালক হিসেবে এসএলজিডিএফ প্রকল্প (ইউএনডিপিআই, ইউএনসিডিএফ ফান্ডেড), উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নাটোরের সদর উপজেলা; অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে (উপ সচিব) কুমিলা জেলা প্রশাসকের কার্যালয় এবং কুমিলা, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া জেলার জোনাল সেটেলমেন্ট অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি সিরাজগঞ্জের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ের রাজশাহীর স্থানীয় সরকার বিভাগের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। আরডিএ বগুড়ার বিদায়ী ভারপ্রাপ্ত মহাপরিচালক ড. এম এ মতিনের উপস্থিতিতে সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ নতুন মহাপরিচালককে আরডিএ সবুজ চত্বরে স্বাগত জানান। এ সময় তিনি সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দের সাথে আনুষ্ঠানিকভাবে পরিচিত হন এবং মত বিনিময় করেন। তিনি একাডেমীর উন্নয়নমূলক কার্যক্রম সার্বিকভাবে এগিয়ে নেওয়ার প্রয়াস ব্যক্ত করেন।